# Times Today BD

এম এস রহমান | দেশজুড়ে | 15 June, 2025

পাবনায় মোবাইল ফোন চুরি করার সন্দেহে রাসেল হোসেন (৩১) নামের এক যুবককে কুপিয়ে হত্যার অভিযোগ উঠেছে তার মামাতো ভাইদের বিরুদ্ধে।এ ঘটনায় পুলিশ তিনজনকে আটক করেছে।

শনিবার (১৪ জুন) দিবাগত রাত সাড়ে ১২টার দিকে পাবনা সদর উপজেলার জাফরাবাদ এলাকায় এ ঘটনা ঘটে।নিহত রাসেল জাফরাবাদ এলাকার নজির উদ্দিনের ছেলে।

পাবনা সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুস সালাম এ তথ্য নিশ্চিত করেছেন।

পুলিশ ও স্থানীয়রা জানায়, শনিবার রাতে নিহত রাসেলের মামাতো ভাই জাফরাবাদ এলাকার মকবুল হোসেনের বাড়ি থেকে একটি মোবাইল ফোন সেট চুরি হয়।মোবাইল চুরির ঘটনায় রাসেলকে সন্দেহ করে একই এলাকার তানজিল হোসেন নামের এক যুবক রাসেলকে মোবাইল ফোন সেটটি ফেরত দিতে বলেন।এতে রাসেল চুরির কথা অস্বীকার করে ক্ষুব্ধ হয়ে তানজিলকে মারধর করে।এরই জের ধরে তানজিলের স্বজন ও মকবুলের সহযোগীরা রাসেলদের বাড়িতে হামলা চালিয়ে রাসেলকে ধারালো অস্ত্র দিয়ে এলোপাথাড়ি কুপিয়ে পালিয়ে যায়।এতে ঘটনাস্থলেই রাসেলের মৃত্যু হয়।

তবে এই অভিযোগ অস্বীকার করে নিহত রাসেলের বোন অঞ্জনা খাতুন বলেন, 'তাদের এলাকার সাইফুলের পরিত্যাক্ত একটি সেমাই কারখানার কলা গাছ থেকে কলা কাটাকে কেন্দ্র করে মামাতো ভাই মকবুলদের সাথে রাসেলের বিরোধের সৃষ্টি হয়।সেই বিরোধকে কেন্দ্র করে তার ভাইকে কুপিয়ে হত্যা করা হয়েছে৷

এ বিষয়ে পাবনা সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুস সালাম জানান, 'খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে গিয়ে মরদেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য পাবনা জেনারেল হাসপাতাল মর্গে পাঠানো হয়।ঘটনার সাথে জড়িত দুইজন মহিলাসহ তিনজনকে আটক করা হয়েছে।এ ঘটনায় মামলা দায়েরের প্রস্তুতি চলছে।মামলায় তাদের অভিযুক্ত করা হলে গ্রেপ্তার দেখিয়ে জেলহাজতে পাঠানো হবে।তবে তাৎক্ষনিকভাবে আটককৃতদের নাম পরিচয় জানাতে অস্বীকৃতি জানান ওসি।

মোবাইল ফোন হত্যা

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 26 June, 2025 21:09

URL: https://www.timestodaybd.com/public/across-the-country/3428897454